

~~১১/১১/১১~~
বৈশিষ্ট্য ইন্ডেক্স

তারিখ: ১১/১১/১১
পৃষ্ঠা: ১১/১১/১১

NOV. 22 2002

বখাটেনের ভয়ে কুমিল্লা মেডিক্যাল কলেজের ২১ ছাত্রী হোস্টেল ছেড়ে চলে গেছে

কুমিল্লা সংবাদদাতা : বখাটে সন্ত্রাসীদের হামলার ভয়ে বৃহস্পতিবার কুমিল্লা মেডিক্যাল কলেজের ২১ জন ছাত্রী আবাসিক হল ছেড়ে চলে গেছে। এ কলেজের ৮ জন আবাসিক ছাত্রী গত সোমবার রাতে লাইব্রেরি ওয়ার্ক শেষে শহরের হাউজিং এস্টেটের ৪ নম্বর সেকশনের মমতা হোস্টেলে ফেরার পথে কয়েকজন উচ্ছল যুবক তাদের গতিরোধ করে অশালীন আচরণ ও প্রদ্বিষ্ট করে। এ ঘটনার পরে কলেজ কর্তৃপক্ষ ঐ সকল ছাত্রীকে কলেজ সংলগ্ন পরিবার কল্যাণ পরিদর্শিকা ট্রেনিং ইনস্টিটিউটে স্থানান্তর করে। ঐ সকল উচ্ছল যুবকরা পরদিন ছাত্রীদের আবাসিক উত্তোল করে এবং ভয়-ভীতি প্রদর্শন করে বলে ছাত্রীরা অভিযোগ করে। আতঙ্কিত ছাত্রীরা বৃহস্পতিবার হোস্টেল ছেড়ে চলে গেলেও কলেজ কর্তৃপক্ষ এ ব্যাপারে কোন তথ্য দিতে পারেনি।